# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - পাণ্ডুলিপি, প্রামাণ্যতা ও অভ্রান্ততা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ১১. ১. ৭. ভাষার বিবর্তন ও তৌরাতের ভাষা অধ্যয়ন

একই ভাষার শব্দভান্ডার ও বাচনভঙ্গিতে যুগের আবর্তনে পরিবর্তন ঘটে। ৪০০ বছর আগের বাংলা বা ইংরেজির সাথে বর্তমান সময়ের বাংলা বা ইংরেজির তুলনা করলেই তা জানা যায়। বাইবেল গবেষকরা বলেন যে, পুরাতন নিয়মের প্রথম পাঁচটা গ্রন্থের ভাষার ব্যবহার বা বাচনভঙ্গি এবং পুরাতন নিয়মের অবশিষ্ট গ্রন্থগুলো, যেগুলো ইসরায়েল-সন্তানদের ব্যাবিলনের বন্দিদশা থেকে মুক্তির পরে লেখা সেগুলোর ভাষার ব্যবহার বা বাচনভঙ্গির মধ্যে কোনো গ্রহণযোগ্য পার্থক্য নেই। অথচ মোশির যুগ এবং মুক্তি পরবর্তী যুগের মধ্যে ৯০০ বছরের ব্যবধান। যেহেতু তৌরাতের ভাষা ও পরবর্তী গ্রন্থগুলোর ভাষার মধ্যে কোনো পার্থক্য নেই সেহেতু হিব্রু ভাষায় বিশেষজ্ঞ গবেষকরা মনে করেন যে, এ সকল গ্রন্থ সবই একই যুগে- ব্যাবিলন পরবর্তী যুগে লেখা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13893

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন